

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তি:/১৯৮৩/২০১১/৩৭৬৭


তারিখ : ৩৭/১০/২০১৭ খ্রিঃ

বিষয়: ভৈরব টেকনিক্যাল স্কুল ও কলেজের দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে।

সূত্র : ভৈরব টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-৩৭.০৩.৪৮১১.৪০০.৩৯.০১৯.১৬/৬৪৬ তারিখ: ০৯/১০/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ভৈরব টেকনিক্যাল স্কুল ও কলেজের দায়িত্ব হস্তান্তর সংক্রান্ত একখানা পত্র পাওয়া গেছে। পত্রে বলা হয়, প্রাক্তন অধ্যক্ষ জনাব মোঃ রশিদ আল মামুন মুধা ভৈরব টেকনিক্যাল স্কুল ও কলেজ হতে ০৯/১০/২০১৭ খ্রিঃ তারিখ ছাড়পত্র গ্রহণ করেন। এরপূর্বে তিনি ঐ প্রতিষ্ঠানের দায়িত্ব চীফ ইন্সট্রাক্টর (মেশিনিষ্ট) জনাব মোশারফ আলী খান ইউসুফ জাইকে প্রদান করেন। পরবর্তীতে ঐ একই তারিখ চীফ ইন্সট্রাক্টর (মেশিনিষ্ট) জনাব মোশারফ আলী খান ইউসুফ জাই অধ্যক্ষের (রটিন দায়িত্ব) গ্রহণ করেই প্রাক্তন অধ্যক্ষ প্রকৌশলী মোঃ রশিদ আল মামুন মুধা-কে ছাড়পত্র প্রদান করেন। প্রাক্তন অধ্যক্ষ সকল আর্থিক বিষয়াদি ও গোপনীয় কাগজপত্র উক্ত চীফ ইন্সট্রাক্টরকে বুঝিয়ে দেন।

- ২। ভৈরব টেকনিক্যাল স্কুল ও কলেজের আর্থিক দায়িত্ব হস্তান্তর না হওয়ায় শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা ও অন্যান্য বিল পরিশোধে জটিলতা তৈরী হচ্ছে। প্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। এদিকে নারায়নগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের দায়িত্ব হস্তান্তর না হওয়ায় শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা ও অন্যান্য বিল পরিশোধে জটিলতা তৈরী হচ্ছে।
- ৩। বর্ণিত সমস্যা নিরসনের লক্ষ্যে আগামী ২৩ অক্টোবর, ২০১৭ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কক্ষে উভয় প্রতিষ্ঠানের অধ্যক্ষদ্বয়-কে সকল প্রমানক সহ সংশ্লিষ্ট কর্মচারী নিয়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


(ড. মোঃ নুরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩৩/১০/১৭

অধ্যক্ষ

ভৈরব/নারায়নগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ
কিশোরগঞ্জ/নারায়নগঞ্জ।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।